# ওয়েব ব্রাউজারের বিরক্তি কমানো

ডা. মোহাম্মদ সিয়াম মোয়াজ্জেম

আপনার ব্রাউজার কি কাজ করছে না? ওয়েবে অ্যাক্সেস করার জন্য ইন্টারনেট এক্সপ্লোরার, ক্রোম, ফায়ারফক্স, সাফারি অথবা অন্য যে প্রোগ্রামই ব্যবহার করেন না কেন, আপনাকে কি গলদঘর্ম হতে হচ্ছে?

এ লেখায় এমন কিছু কমন ব্রাউজার ইস্যু তুলে ধরা হয়েছে, যেগুলো কুইক ও সহজ ফিক্সের জন্য। এখানে তুলে ধরা হয়েছে কীভাবে মিসিং ইউআরএল বার খুঁজে বের করা যায়, কীভাবে মাল্টিপল ডিভাইস জুড়ে আপনার বুকমার্ক সিঙ্ক করা যায়, পাসওয়ার্ডকে সহায়ক ও নিরাপদ করা এবং আপাত দৃষ্টিতে সেভ করা যায় না এমন ইমেজকে সেভ করা।

## মিসিং ইউআরএল বার বা অন্যান্য টুলবার

হয়তো আপনি বেশ কিছু জিনিসে ক্লিক করলেন, যা করা উচিত নয়। অসাবধানতায় কিবোর্ডে চাপ পরে যাওয়ায় আপনি সম্ভবত ইউআরএল বার খুঁজে পেলেন না। এমন অবস্থায় ইন্টারনেট এক্সপ্লোরারে যেকোনো টুল বারে ডান ক্লিক করুন এবং অ্যাড্রেস বার চেক করুন। যদি আপনি ইন্টারনেট এক্সপ্লোরার ৯ ব্যবহার করে থাকেন, তাহলে সবসময় address/search bar দেখতে পারবেন। তবে ইন্টারনেট এক্সপ্লোরারে পুরনো ভার্সনে এটিকে লুকানোর জন্য একটি অপশন পাবেন।

ফায়ারফক্সে এ কাজের জন্য আপনাকে View, Toolbars ও Navigation Toolbar চেক করতে হবে। এ কাজের জন্য যেকোনো টুলবারেও ডান ক্লিক করতে পারেন এবং ড্রপডাউন মেনুতে Navigation Toolbar চেক করুন।

আর সাফারিতে Command কী চেপে ধরুন বা উইন্ডোজের ক্ষেত্রে Ctrl বাটন চেপে ধরুন। এরপর Shift বাটন ও Backslash (\) বাটন চাপলে ইউআরএল বার আবার আবির্ভূত হবে।

## সিঙ্ক বুকমার্ক

বিভিন্ন ব্রাউজার ও পিসি জুড়ে এক্সমার্কস আপনার ব্রাউজার বুকমার্ক সিঙ্ক করতে পারে। বুকমার্ক সিঙ্ক করা অবিশ্বাস্যভাবে সহজ। এক্সমার্কস হলো একটি ফ্রি ক্রশ-ব্রাউজার সিঙ্কসিং সফটওয়্যার, যা আগে ফক্সমার্ক হিসেবে পরিচিত ছিল। এক্সমার্কস আপনার বুকমার্ককে ক্লাউডে স্টোর করে। তাই যেকোনো কমপিউটার থেকে পার্সোনাল বুকমার্কে অ্যাক্সেস করতে পারবেন। আপনি ইচ্ছে করলে ভিন্ন বুকমার্ক প্রোফাইল তৈরি করতে পারবেন, যেমন Home ও Work।

এক্সমার্কস ব্যবহার করতে চাইলে প্রথমেই টুলটি ডাউনলোড ও ইনস্টল করে নিন। এ টুলটি কাজ করতে পারে ইন্টারনেট এক্সপ্লোরার, ফায়ারফক্স, ক্রোম এবং সাফারি ব্রাউজারের সাথে। যদি প্রথমবারের মতো এক্সমার্কস ব্যবহার করা শুরু করে থাকেন এবং আপনার কোনো অ্যাকাউন্ট নেই বা ক্লাউডে কোনো বুকমার্ক সেভ করা নেই, তাহলে একটি অ্যাকাউন্ট তৈরি করার জন্য আপনাকে প্রম্পট করবে এবং আপনার কমপিউটার থেকে আপনার বুকমার্ক সিঙ্ক করবে।

যদি ইতোমধ্যে আপনার কোনো অ্যাকাউন্ট তৈরি করা হয়ে থাকে এবং নতুন কমপিউটারে এক্সমার্কস ইনস্টল করে থাকেন, তাহলে এটি প্রম্পট করবে প্রোফাইল থেকে বুকমার্ক সিনক্রোনাইজ করার জন্য। যদি আপনার বুকমার্ক থাকে, যা কমপিউটারে সেভ করতে চান, তাহলে প্রথমে নিশ্চিত করুন আপনার লোকাল ও সার্ভারভিত্তিক ফেভারিট মার্জ করার মাধ্যমে এক্সমার্কস সবগুলোকে সিঙ্ক করবে।




*এক্সমার্কস বুকমার্ক সিঙ্কের ইন্টারফেস*

## কিবোর্ড শর্টকাট ও মাউস গেসচার জেনে নিন

ব্রাউজিংয়ের মাউস গ্র্যাব করতে এবং ডেস্কটপ জুড়ে কাজ করতে মাঝে মধ্যে আমাদের প্রচুর সময় নষ্ট হয়। অথচ কিছু কিবোর্ড শর্টকাট রপ্ত করে আমরা ব্রাউজারের প্রোডাক্টিভিটি যথেষ্ট বাড়াতে পারি।

## ট্যাব ও উইন্ডো ম্যানেজমেন্ট

| | |
|---|---|
| Ctrl-T | : একটি নতুন ট্যাব ওপেন করবে। |
| Ctrl-N | : একটি নতুন উইন্ডো ওপেন করবে। |
| Ctrl-W | : বর্তমান ট্যাব বন্ধ করবে। |
| F5 | : বর্তমান পেজ রিফ্রেশ করবে। |
| Ctrl-L | : ইউআরএল বার হাইলাইট করবে। |
| Ctrl and + | : জুম ইন হবে। |
| Ctrl and - | : জুম আউট হবে। |
| Ctrl-0 | : ডিফল্ট জুম লেভেলে ফেরত আসা। |

## নেভিগেশন

| | |
|---|---|
| Ctrl-[ | : এক পেজ পেছনে যাওয়া। |
| Ctrl-] | : এক পেজ সামনে যাওয়া। |
| Spacebar | : এক ফুল স্ক্রিন নিচে মুভ করা। |
| Home | : ওয়েব পেজের ওপর জাম্প করে যাওয়া। |
| End | : ওয়েব পেজের নিচে জাম্প করে যাওয়া। |

বিকল্প হিসেবে আপনি ব্রাউজারকে নিয়ন্ত্রণ করতে পারবেন শুধু মাউসকে মুভ করে। এ কাজটি করার জন্য ইন্টারনেট এক্সপ্লোরার, ফায়ারফক্স, ক্রোম বা সাফারির জন্য ডাউনলোড করে নিন ফ্রি মাউস গেসচার অ্যাড-অন।

## নতুন অ্যাকাউন্ট সাইন আপ না করে ওয়েবসাইট ব্যবহার করা

বাগমিনট (BugMeNot) নামের টুলটি পেতে পারেন আপনার ওয়েবসাইটের চারদিকে, যার জন্য দরকার রেজিস্টার করা। ওয়েবসাইটের জন্য রেজিস্টার করার কাজটি বেশ ঝামেলাদায়ক, এমনকি যদি ডেডিকেটেড স্প্যাম ই-মেইল অ্যাড্রেস ব্যবহার করে থাকেন অ্যাড কমানোর জন্য।




*বাগমিনট ইন্টারফেস*

বিভিন্ন ধরনের সাইটের জন্য বাগমিনটের রয়েছে বৈধ ইউজার নেম ও পাসওয়ার্ডের ডাটাবেজ। এ জন্য আপনাকে রেজিস্টার করতে হবে, যাতে কনটেন্টে অ্যাক্সেস করা যায়। বাগমিনটকে ব্যবহার করতে পারবেন বেশ কয়েক উপায়ে।

বাগমিনটকে ব্যবহার করার সবচেয়ে সহজ অ্যাপ্রোচ হলো বাগমিনট ওয়েবসাইটে গিয়ে সাইটের নাম এন্টার করুন, যেখানে আপনি লগইন করতে চান। এর ফলে বাগমিনট উপস্থাপন করবে ইউজারনেম ও পাসওয়ার্ডের একটি লিস্ট, যা আপনি ব্যবহার করতে পারবেন নিজেকে রেজিস্টার না করে।

যদি এ কাজটি করার জন্য বারবার ওয়েবসাইটে যেতে না চান, তাহলে ফায়ারফক্সের জন্য ডাউনলোড করে নিতে পারেন BugMeNot Firefox বা Chrome-এর জন্য একটি এক্সটেনশন। অন্যান্য ব্রাউজারে আপনি ব্যবহার করতে পারেন bookmarklet।

## শুধু পপআপ নয়, বিরক্তিকর অ্যাড ব্লক করা

বিজ্ঞাপন শুধু বিরক্তিকর নয় বরং ধীরে ধীরে সর্বত্রই বিস্তৃতি লাভ করতে থাকে। যদি আপনি নিরাপত্তার জন্য অবিরতভাবে মনিটর হতে থাকেন, তাহলে ওয়েবপেজ লোডিং সময় অনেক বেড়ে যাবে এবং আপনার ডাটা প্ল্যান নষ্ট করে দেবে। এখনকার ব্রাউজার সাধারণত সম্পৃক্ত করে জেনেরিক পপআপ ব্লকার। সুতরাং পপ-অ্যাড দিয়ে ভারাক্রান্ত হওয়ার সম্ভাবনা আপনার কম হলেও সেখানে অন্যান্য অ্যাড দেখা যায়, যেগুলোর বেশিরভাগই ইমেজ। সৌভাগ্যবশত এগুলো থেকে সহজেই পরিত্রাণ পেতে পারেন আপনার ব্রাউজারের জন্য অ্যাড-ব্লকার (ad blocker) ডাউনলোড করার মাধ্যমে।

এ ক্ষেত্রে ইন্টারনেট এক্সপ্লোরার ব্যবহারকারীদের উচিত Simple Adblock নামের টুল ব্যবহার করা। ফায়ারফক্স ব্যবহারকারীদের উচিত Adblock Plus নামের অ্যাড-অনস ব্যবহার করা। ক্রোম ও সাফারি ব্যবহারকারীদের উচিত Adblock for Chrome ও Safari চেক করে দেখা।

## পাসওয়ার্ড মনে রাখা

একটি পাসওয়ার্ড রিকল করা বেশ কঠিন কাজ। সুতরাং কোনো জায়গায় পাসওয়ার্ড না লিখে রেখে বা সব ক্ষেত্রেই একই পাসওয়ার্ড ব্যবহার করে মাল্টিপল সার্ভিসের জন্য কমপিউটার ব্যবহারকারীরা কীভাবে পাসওয়ার্ড মনে রাখেন তা এক বড় প্রশ্ন।

এজন্য ব্যবহারকারীর উচিত একটি নিরাপদ পাসওয়ার্ড ম্যানেজমেন্ট প্রোগ্রাম ব্যবহার করা। যেমন– লাস্টপাস। এ ইউটিলিটি সাপোর্ট করে মাল্টিপল ডিভাইসসহ ইন্টারনেট এক্সপ্লোরার, ফায়ারফক্স, ক্রোম ও অপেরা ব্রাউজার। এটি অ্যান্ড্রয়িড, ব্ল্যাকবেরি, আইওএস, সিম্বিয়ান, ওয়েবওএস ও উইন্ডোজ ফোন ৭ ডিভাইস।

সহজে পাসওয়ার্ড ম্যানেজ করার জন্য ব্যবহার করতে পারেন লাস্টপাস নামের টুলটি। লাস্টপাস নিরাপদে পাসওয়ার্ড ও লগইন তথ্য স্টোর করে এর ক্লাউড সার্ভারে। সুতরাং আপনি যেকোনো জায়গা থেকে পাসওয়ার্ড স্টোর ও পাসওয়ার্ডে অ্যাক্সেস করতে পারবেন।

লাস্টপাস ব্যবহার করার জন্য প্রথমে প্রোগ্রামটি ডাউনলোড (উইন্ডোজ, ম্যাক ওএস এক্স বা লিনআক্সের জন্য) করে ইনস্টল করুন। এরপর ল্যাঙ্গুয়েজ বেছে নিয়ে ব্রাউজার উইন্ডো বন্ধ করে দিন। এরপর লাস্টপাস অ্যাকাউন্ট তৈরি করে নিন, যদি আপনার কাছে না থাকে।

লাস্টপাস ইনস্টল হওয়ার পর এটি আপনাকে প্রম্পট করবে পাসওয়ার্ড মনে রাখতে অনুমতি দেয়ার জন্য যখনই সার্ভিসে লগইন করবেন। আপনি ওয়েবসাইট ফেভারিট করার জন্য বেছে নিতে পারেন। পাসওয়ার্ড রিপ্রম্পট করার জন্য দরকার হতে পারে অথবা একটি সাইটে স্বয়ংক্রিয়ভাবে লগইন করতে পারে, যখন লাস্টপাসের মাধ্যমে ভিজিট করবেন। যদি আপনি মাল্টিপল কমপিউটার অথবা ডিভাইস ব্যবহার করেন, তাহলে প্রতিটি ডিভাইসের জন্য লাস্টপাস ডাউনলোড করে নিতে পারেন। এর ফলে সবশেষ পাসওয়ার্ড মনে করে দেয়া ছাড়া আপনাকে আর কখনই উদ্বিগ্ন থাকতে হবে না আবার পাসওয়ার্ড মনে করিয়ে দেয়ার জন্য।



*লাস্টপাসের ইন্টারফেস*


*স্নিপিং টুল ইন্টারফেস*

## আনক্লিকেবল ইমেজ সেভ করা

উইন্ডোজ ৭ ও উইন্ডোজ ভিস্তার রয়েছে বিল্টইন স্ক্রিনশুট ইউটিলিটি, যাকে বলা হয় স্নিপিং টুল (Snipping Tool)। এটি স্ক্রিন ক্যাপচার করে। উইন্ডোজ ৭ বা ভিস্তায় স্নিপিং টুল ওপেন করুন। এজন্য Start Menu, All Programs, Accessories, Snipping Tool-এ ক্লিক করুন। এবার New বাটনের পাশে অ্যারোতে ক্লিক করে Rectangular Snip সিলেক্ট করুন। এবার মাউস ব্যবহার করে ছবির চারপাশে রেক্টাঙ্গেল ড্র্যাগ করুন যে ছবি আপনি সেভ করেছেন। এবার ছবি snipped করার পর Save Snip-এ ক্লিক করুন স্টোর করার জন্য।

যদি ক্যাপচার করার জন্য কিছু দেখে থাকেন, তাহলে Print Screen বাটন চাপুন। এর ফলে উইন্ডোজ সম্পূর্ণ ডেস্কটপের একটি স্ক্রিনশুট নেবে ক্লিপবোর্ডে। স্ক্রিনশুটে অ্যাক্সেস করার জন্য বেসিক ইমেজ এডিটর যেমন Paint ওপেন করুন ও ইমেজকে পেস্ট করুন। এরপর এটি ক্রপ করে প্রয়োজনীয় করে সেভ করুন।

যদি ম্যাক ব্যবহারকারী হয়ে থাকেন, তাহলে Command-Shift-4 চাপুন। এর ফলে আপনার কার্সর crosshairs-এ পরিণত হবে। crosshairs-কে ছবির চারপাশে ড্র্যাগ করুন। এরপর কার্সর ছেড়ে দিলে তা স্বয়ংক্রিয়ভাবে ডেস্কটপে সেভ হবে। তবে কিছু গ্র্যাব করতে Command-Shift-3 চাপুন।

## দুর্ঘটনাক্রমে বন্ধ করা ট্যাব রিস্টোর করা

হঠাৎ ভুল করে বিভিন্ন ট্যাব বন্ধ করার ঘটনাটি অনেকের ক্ষেত্রেই ঘটে থাকে। হঠাৎ ভুল করে বন্ধ করা ট্যাব যেভাবে রিস্টোর করা যায়, তা নিচে তুলে ধরা হয়েছে।

ইন্টারনেট এক্সপ্লোরারে একটি সক্রিয় ট্যাবে ডান ক্লিক করে Reopen closed tab-এ ক্লিক করুন। বিকল্পভাবে Ctrl-Shift-T চাপলে আপনার বন্ধ করা সবশেষ ট্যাব আসবে। এ কাজটি আপনি করতে থাকুন যতক্ষণ পর্যন্ত না কাঙ্ক্ষিত ট্যাবটি পাচ্ছেন।

ফায়ারফক্সে বন্ধ করা ট্যাব রিস্টোর করার জন্য History, Recently Closed Tabs-এ গিয়ে আপনার বন্ধ করার ট্যাব খুঁজে বের করুন। এ কাজটি করার জন্য Ctrl-Shift-T চাপতে পারেন।

ক্রোমে বন্ধ করা ট্যাব রিস্টোর করার জন্য ট্যাব স্ট্রিপে ডান ক্লিক করে Reopen closed tab সিলেক্ট করুন। এ কাজ করার জন্য Ctrl-Shift-T চাপতে পারেন।

সাফারিতে Ctrl-Z চাপুন। এ কী কম্বো নিয়ে আসবে আপনার বন্ধ করা সবশেষ ট্যাব। যতক্ষণ পর্যন্ত না আপনি আপনার কাঙ্ক্ষিত ট্যাব খুঁজে পাচ্ছেন, ততক্ষণ পর্যন্ত এ কাজটি করতে থাকুন।

## আপনি যা চান শুধু তাই প্রিন্ট করুন

ওয়েব থেকে প্রিন্ট করা এক ঝামেলার কাজ। সাধারণত ওয়েব পেজ থেকে প্রিন্ট করলে প্রচুর কালি ও কাগজের অপচয় হয় ইমেজ, লিঙ্ক এবং অ্যাডের কারণে। সৌভাগ্যবশত আপনার মূল সিলেকশন প্রিন্ট হওয়ার সময় আপনি পরিহার করতে পারেন অনাকাঙ্ক্ষিত প্রিন্ট। এ কাজটি করা যায় Printliminator নামের এক সহায়ক bookmarklet ব্যবহার করে।

প্রথমে আপনার ব্রাউজারে Printliminator bookmarklet ইনস্টল করে নিন বুকমার্ক বারে ড্র্যাগ করার মাধ্যমে।

প্রিন্টলিমিনেটর আপনাকে যেকোনো পেজ খুব সহায়কভাবে প্রিন্ট করার সুযোগ দেবে। এর ফলে পরবর্তী সময় যখন কোনো পেজ প্রিন্ট করতে যাবেন, তখন Print-এ ক্লিক করার পরিবর্তে Printliminator bookmarklet-এ ক্লিক করুন। এ সময় আপনার ব্রাউজারের বাম প্রান্তে একটি ছোট টুলবার আবির্ভূত, যা অফার করে কয়েকটি অপশন, যেমন– Remove All Graphics, Apply Print Stylesheet, Send to Printer ও Undo Last Action।

ওয়েব পেজ থেকে গ্রাফিক্স অপসারণ করার জন্য All Graphics সিলেক্ট করুন।

ওয়েব পেজের সুনির্দিষ্ট কিছু উপাদান যেমন– লিঙ্কস বা বাটন ভেতর থেকে অপসৃত করার জন্য Apply Print Stylesheet বেছে নিন। প্রিন্টলিমিনেটর প্রিন্ট সেকশনে অর্গানাইজ করবে প্রিন্টযোগ্য সব উপদান। বিশেষ কোনো সেকশন অপসারণ করার জন্য শুধু মাউসকে এর ওপর ড্র্যাগ করে নিয়ে এলে একটি লাল বক্স আবির্ভূত হবে সেকশনের চারদিকে। সিলেকশনে বাম ক্লিক করলে বক্সের অবজেক্ট অদৃশ্য হয়ে যাবে।

ভুলত্রুটি সংশোধন করার জন্য Undo Last Action-এ ক্লিক করুন। পেজকে আপনি যেভাবে দেখতে চান, সেভাবে পুরোপুরি কনফিগার করুন এবং প্রিন্ট করার জন্য Send to Printer বাটনে ক্লিক করুন কজ

*ফিডব্যাক : siam.moazzem@gmail.com*